
# এইচএসসিতে ‘প্রক্সি’ দিতে আসা ভুয়া পরীক্ষার্থীকে ১ বছরের সাজা

স্টাফ রিপোর্টার, রংপুর

প্রকাশ : ০২ জুলাই ২০২৬, ২১:৫৭



ইনসেটে সাজাপ্রাপ্ত শুভ ইসলাম রিয়ন

**রংপুরের পীরগঞ্জে অন্যের হয়ে এইচএসসি পরীক্ষায় (প্রক্সি) দিতে এসে শুভ ইসলাম রিয়ন (২৬) নামের এক ভুয়া পরীক্ষার্থী আটক হয়েছে। পরে তাকে ভ্রাম্যমাণ আদালত এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন।**

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বৃহস্পতিবার (২ জুলাই) জেলার পীরগঞ্জ উপজেলার বিজ্ঞান ও কারিগরি কলেজ পরীক্ষাকেন্দ্রে এ ঘটনা ঘটেছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাহমুদুল হাসান ঘটনাস্থলে পৌঁছে কাগজপত্র যাচাই করার পাশাপাশি প্রাথমিক জিজ্ঞাসাবাদ করেন। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ওই যুবককে অন্যের হয়ে পরীক্ষা দিতে আসার অপরাধে এক বছরের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ প্রদান করেন।

জানা গেছে, পরীক্ষা চলাকালে দায়িত্বরত কর্মকর্তাদের সন্দেহ হলে রিয়নের পরিচয় যাচাই করা হয়। এসময় তিনি পৌরসভার প্রজাপাড়া এলাকার আব্দুস সালাম আকন্দের ছেলে নাজমুল হাসানের পরিবর্তে পরীক্ষায় অংশ নিতে এসেছেন বলে প্রাথমিকভাবে নিশ্চিত হওয়া যায়।

পরে তাকে আটক করে উপজেলা প্রশাসনকে তাৎক্ষণিক বিষয়টি অবগত করা হয়। খবর পেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাহমুদুল হাসান ঘটনাস্থলে পৌঁছে কাগজপত্র যাচাই করার পাশাপাশি প্রাথমিক জিজ্ঞাসাবাদ করেন।

পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ওই যুবককে অন্যের হয়ে পরীক্ষা দিতে আসার অপরাধে এক বছরের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ প্রদান করেন।

পীরগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদুল হাসান জানান, পাবলিক পরীক্ষায় কোনো ধরনের জালিয়াতি বা প্রক্সি পরীক্ষার চেষ্টা বরদাশত করা হবে না। এ ধরনের অপরাধে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। চলতি বছর দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে ২১৩টি কেন্দ্রে রংপুর বিভাগের আট জেলার ৭৩৩টি কলেজের ১ লাখ ১৪ হাজার ৭৩৬ পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে।